



ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব অর্থাৎ বিশ্বব্যাপী ইন্টারনেট ব্যবস্থায় তথ্য অনুসন্ধানের জন্য ওয়েব ব্রাউজার ব্যবহৃত হয়। ওয়েব ব্রাউজার আসলে একটা সফটওয়্যার অ্যাপ্লিকেশন, যার মাধ্যমে আমরা বিভিন্ন ওয়েবসাইটের ঠিকানা খুঁজে পাই এবং ওই ঠিকানাগুলোই আমাদের কাম্য তথ্যের ভান্ডারে আমাদের নিয়ে যায়। গুগল ক্রোম, ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার, মাইক্রোসফটের বিউ – এগুলো ওয়েব ব্রাউজার।

একটি নির্দিষ্ট তথ্যের আধারকে একেকটি একক ইউআরএল অর্থাৎ ইউনিফর্ম রিসোর্স লোকেটর দিয়ে চিহ্নিত করা হয়, যা একটি ওয়েবপেজ, ছবি, ভিডিও অথবা অন্য বিষয়বস্তু সংক্রান্ত পেজও হতে পারে। শুধুমাত্র ব্যক্তিগত কম্পিউটারে বা ল্যাপটপে নয়, মোবাইল ফোনেও তথ্য পেতে ওয়েব ব্রাউজারগুলি ব্যবহার করা হয়।

করণীয়ঃ

- বিপদ এড়াতে সুরক্ষিত ওয়েব ব্রাউজার ব্যবহার করুন।
- যে-কোন সাইবার আক্রমণ এড়াতে নতুনতর (আপডেটেড) ওয়েব ব্রাউজার ব্যবহার করুন।
- ওয়েব ব্রাউজারের পাসওয়ার্ড সংরক্ষণ পদ্ধতি সচল রাখুন।
- যে-কোন ফাইল ডাউনলোডের আগে সাইটের প্রামাণ্যতা নিশ্চিত করুন।
- নিয়মিত কুকি ও ব্রাউজিং এর ইতিহাস মুছে ফেলুন।
- ব্রাউজারের অন্তর্নিহিত সুরক্ষা ও ব্যক্তিগত তথ্য সুরক্ষা ব্যবস্থাটিই ব্যবহার করুন।
- সবসময় ব্রাউজারের সেটিংসের তথ্য গোপনীয় রাখুন।



অকরণীয়ঃ

- আপনার সার্চে ব্যবহৃত কুকি, টেমপোরারি ফাইল ইত্যাদি সনাক্ত করতে সক্ষম এমন ব্রাউজিং হিস্ট্রি এবং এক্স-ফিল্টারিং মুছে দিতে ভুলবেন না।
- কোন অপরিচিত ওয়েবসাইটে যাওয়ার আগে ওয়েব ব্রাউজারে জাভাস্ক্রিপ্ট ও অ্যাক্টিভ-এক্স সাপোর্ট বন্ধ করে দিন।
- অনেক কম্পিউটার ব্যবহারকারী ওয়েব লিংকে ক্লিক করার বিষয়ে সচেতন থাকেন না। বিশ্বাসযোগ্য নয় এমন কোনো লিংকে ব্যক্তিগত তথ্য দেবেন না।
- ব্রাউজারে পপ আপ ও প্লাগ ইন ইত্যাদির অনুমোদন দেবেন না। ব্রাউজার সেটিংয়ে এগুলি অচল রাখুন।

